**THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING**

**MADHYAMIK PARIKSHA (SECONDARY EXAMINATION) JUNE, 2023**

# ভূগোল

**(Geography)**

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট**
**Time: 3 Hours 15 Minutes**

**পূর্ণমান ঃ ৯০**
**Full Marks: 90**
**(নূতন পাঠক্রমের জন্য)**
**(For New Version)**
Who registered their names on or after June, 2018

## পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ
## (General Instructions for the Examinees)

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।
Candidates should write their Name, Roll No. and Registration No. in their respective answer scripts.

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।
The first 15 Minutes are allotted for reading the question paper.
Answers should be in brief and to the point.

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

Write correct question no. against each answer.

প্রত্যেক পরীক্ষার্থীকে ভারতের মানচিত্র দিতে হবে।
Indian Map to be given to all candidates.

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।
Special credit will be given for answers which are brief and to the point.
Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.
In the right side the marks of questions are given.

## বিভাগ-‘ক’

## Group-A

**1.** বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ
Write the correct answer from the given alternatives: 1×14=14

(i) পৃথিবীর অনুসূর অবস্থানের দিনটি হল
Perihelion of the earth occurs on

(a) ৩ জানুয়ারি
3rd January

(b) ২১ মার্চ
21st March

(c) ১ জুন
1st June

(d) ৪ জুলাই
4th July

(ii) পৃথিবীর অক্ষরেখাগুলি পরস্পরের
Lines of latitude over the earth are

(a) অসমান্তরাল
Unparallel

(b) সমান্তরাল
Parallel

(c) উপবৃত্তাকার
Elliptical

(d) কোনোটিই নয়
None of these

(iii) যে যন্ত্রের সাহায্যে বায়ুর গতিবেগ পরিমাপ করা হয়
The instrument by which speed of wind is measured

(a) অ্যানিমোমিটার
Anemometer

(b) হাইগ্রোমিটার
Hygrometer

(c) থার্মোমিটার
Thermometer

(d) ব্যারোমিটার
Barometer

(iv) ব-দ্বীপ গঠিত হয়
Deltas are formed by

(a) হিমবাহের ক্ষয়কার্যের দ্বারা
Glacier erosion

(b) বায়ুর ক্ষয়কার্যের দ্বারা
Wind erosion

(c) নদীর ক্ষয়কার্যের দ্বারা
River erosion

(d) নদীর সঞ্চয়কার্যের দ্বারা
River deposition

(v) গঙ্গা নদীর উৎস হল
The source of river Ganga is

(a) গঙ্গোত্রী হিমবাহ
Gangotri glacier

(b) যমুনোত্রী হিমবাহ
Yamunotri glacier

(c) জেমু হিমবাহ
Zemu glacier

(d) সিয়াচেন হিমবাহ
Siachen glacier

(vi) 'ভারতের প্রবেশদ্বার' বলা হয়

'Gateway of India' is called

(a) কলকাতা বন্দরকে
Kolkata port

(b) চেন্নাই বন্দরকে
Chennai port

(c) বিশাখাপত্তনম বন্দরকে
Vishakhapattanam port

(d) মুম্বাই বন্দরকে
Mumbai port

(vii) পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গটি হল

The highest mountain peak of world is

(a) মাউন্ট এভারেস্ট
Mount Everest

(b) কাঞ্চনজঙ্ঘা
Kanchenjungha

(c) ধবলগিরি
Dhaulagiri

(d) অন্নপূর্ণা
Annapurna

(viii) জীবাশ্ম দেখা যায়

Fossils are found in

(a) রূপান্তরিত শিলায়
Metamorphic rocks

(b) আগ্নেয় শিলায়
Igneous rocks

(c) পাললিক শিলায়
Sedimentary rocks

(d) এগুলি সবকটিই
All of these

(ix) রাসায়নিক আবহবিকারের প্রাধান্য দেখা যায়

Chemical weathering is prominent in

(a) নিরক্ষীয় অঞ্চলে
Equatorial region

(b) মরু অঞ্চলে
Desert region

(c) মেরু অঞ্চলে
Polar region

(d) তুন্দ্রা অঞ্চলে
Tundra region

(x) বিয়োজকের একটি উদাহরণ হল

An example of Decomposer is

(a) ব্যাকটেরিয়া
Bacteria

(b) পতঙ্গ
Insects

(c) সরীসৃপ
Reptiles

(d) উভচর প্রাণী
Amphibian

(xi) পশ্চিমবঙ্গের সর্বোচ্চ পর্বতশৃঙ্গটি হল

The highest mountain peak of West Bengal is

(a) ফালুট
Phalut

(b) গোর্গাবুরু
Gorgaburu

(c) সান্দাকফু
Sandakphu

(d) কাঞ্চনজঙ্ঘা
Kanchenjungha

(xii) পামীর গ্রন্থি অবস্থিত

Pamir knot is located in

(a) ইউরোপে
Europe

(b) আফ্রিকায়
Africa

(c) দক্ষিণ আমেরিকায়
South America

(d) এশিয়ায়
Asia

(xiii) ভারতের প্রথম পাটকলটি স্থাপিত হয়

The first Jute Mill of India was established in

(a) রিষড়ায়
Rishra

(b) হাওড়ায়
Howrah

(c) নৈহাটিতে
Naihati

(d) বেলঘড়িয়ায়
Belgharia

(xiv) 'ঝুড়ি ভর্তি ডিম' কথাটি ব্যবহার করা হয়

The term 'Basket of Eggs Topography' is applied to

(a) গ্রাবরেখার ক্ষেত্রে
Moraines

(b) এস্কারের ক্ষেত্রে
Eskars

(c) ড্রামলিনের ক্ষেত্রে
Drumlins

(d) কেমের ক্ষেত্রে
Kames

## বিভাগ-'খ'

## Group-B

**2.** **2.1** নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো (*যে কোনো ছয়টি*)ঃ

If the statements are true, write 'T' and if false, write 'F' against the following (answer *any six*): 1×6=6

2.1.1 পৃথিবীর প্রকৃত আকৃতি 'পৃথিবীর মতো'।

The actual shape of the earth is 'geoid shape'.

2.1.2 বাংলাদেশের রাজধানী হল দিল্লি।

The capital of Bangladesh is Delhi.

2.1.3 পশ্চিমবঙ্গে সাধারণত গ্রীষ্ম ঋতুতে 'আশ্বিনের ঝড়' পরিলক্ষিত হয়।

The West Bengal 'Aswiner Jhar' is generally observed in summer season.

2.1.4 সূর্যের নিকটতম গ্রহ হল পৃথিবী।

Earth is the nearest planet of the Sun.

2.1.5 গ্রানাইট একটি পাতালিক শিলা।

Granite is a plutonic rocks.

2.1.6 কৃষ্ণমৃত্তিকা পাট চাষের পক্ষে উপযুক্ত।

Black soil is suitable for Jute cultivation.

2.1.7 দুটি নদীর মধ্যবর্তী স্থানকে ‘দোয়াব’ বলে।

Region lying in between two rivers is called ‘interflube’.

**2.2** উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (*যে কোনো ছয়টি*) ঃ

Fill in the blanks with suitable words (answer *any six*): 1×6=6

2.2.1 দ্বারকেশ্বর ও শিলাই নদীর মিলিত প্রবাহ __________ নামে পরিচিত।

The connected flow of Dwarkeshwar and Shilai river is known as__________.

2.2.2 __________ ভারতের সর্বোচ্চ শৃঙ্গ।

__________ is the highest peak of India.

2.2.3 মহানগরের ন্যূনতম জনসংখ্যা হল __________ লক্ষ।

The minimum population of Metropolis is __________ lakh.

2.2.4 সমুদ্র বায়ু একটি __________ বায়ুর উদাহরণ।

The Sea Breeze is the example of __________ wind.

2.2.5 মরা জোয়ার দেখা যায় যখন চাঁদ ও সূর্য পরস্পর __________ অবস্থান করে।

Neap tide occurs when the Moon and the Sun are at __________ to each other.

2.2.6 পৃথিবীর প্রকৃত আকৃতি __________।

The actual shape of the Earth is __________.

2.2.7 ভূপৃষ্ঠের নিকটবর্তী বায়ুমণ্ডলীয় স্তরটি হল __________।

The atmosphere layer adjacent to the earth is __________.

**2.3** একটি বা দুটি শব্দে উত্তর দাও (*যে কোনো ছয়টি*) ঃ

Answer in one or two words (*any six*): 1×6=6

2.3.1 আন্তর্জাতিক তারিখরেখা কোন্ দ্রাঘিমারেখা বরাবর বিস্তৃত?

Which meridian does follow International date line?

2.3.2 বাস্তুতন্ত্রের শক্তির মূল উৎস কী?

Which is the main source of energy in ecosystem?

2.3.3 ভারতের একটি পশ্চিমবাহিনী নদীর নাম উল্লেখ করো।

Mention one West flowing river of India.

2.3.4 ভারতের ‘রাজ্য পুনর্গঠন কমিশন’ কত সালে স্থাপিত হয়?

In which year ‘State Re-organisation Commission’ was set up in India?

2.3.5 এশিয়ার শীতলতম স্থানটির নাম কী?

Which is the coldest place in Asia?

2.3.6 অনেকগুলি সমুদ্রস্রোত দ্বারা সৃষ্ট ঘূর্ণ জলাবর্তকে কী বলে?

What is called a circular pattern of water formed by many ocean currents?

2.3.7 অযোধ্যা পাহাড়ের সর্বোচ্চ শৃঙ্গের নাম কী?

What is the name of highest peak of Ayodhya hills?

2.3.8 ইনিসি নদীর প্রধান উপনদীর নাম কী?

What is the name of the tributary of river Yenisei?

**2.4** বামদিকের সাথে ডানদিকেরগুলি মিলিয়ে লেখো ঃ

Match the left column with the right: 1×4=4

| বামদিক<br>Left Column | ডানদিক<br>Right Column |
|---|---|
| 2.4.1 ওজোন গ্যাসের প্রাধান্য<br>Prominence of ozone gas | 1. কার্পাসবয়ন শিল্প<br>Cotton Textile Industry |
| 2.4.2 বিমানপোত<br>Airport | 2. কেরালা<br>Kerala |
| 2.4.3 আমেদাবাদ<br>Ahmedabad | 3. ৩৫-৫০ কিমি<br>35–50 km |
| 2.4.4 কোচিন<br>Cochin | 4. বেঙ্গালুরু<br>Bengaluru |

## বিভাগ-'গ'

## Group-C

**3.** নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ

Answer the following in brief (alternatives should be noted): 2×6=12

3.1 ছয় মাসের ব্যবধানে কেন মকরসংক্রান্তি বা কর্কটসংক্রান্তি হয়?

Why does summer solistice or winter solistice occure at six months interval?

*অথবা,*

*Or,*

প্রমাণ সময় কাকে বলে?

What is Standard Time?

3.2 ধারণ অববাহিকা কাকে বলে?

What is catchment area of river?

*অথবা,*

*Or,*

হিমযুগ কী?

What is ice age?

3.3 খনিজ তেলের উপজাত দ্রব্যগুলি কী কী?

What are the byproducts of mineral oil?

*অথবা,*

*Or,*

কী ধরনের জলবায়ু পাট চাষের অনুকূল?

Which climate is favourable for Jute cultivation?

3.4 জৈবিক আবহবিকার কী?

What is biological weathering?

*অথবা,*

*Or,*

গৌর কী?

What is Gour?

3.5 রেনগজ কী?

What is Raingauge?

*অথবা,*

*Or,*

ভূমিকম্পের কেন্দ্র কাকে বলে?

What is the centre of earthquake?

3.6 এশিয়ার দুটি পর্বতবেষ্টিত মালভূমির নাম লেখো।

Name two intermountance plateaus of Aisa.

*অথবা,*

*Or,*

ভুটানের দুটি নদীর নাম লেখো।

Name two rivers of Bhutan.

**বিভাগ-'ঘ'**

**Group-D**

**4.** সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ

Give answer in short explanation (alternatives is to be noted): 3×4=12

4.1 ভারত মহাসাগরের দুটি উষ্ণ স্রোত এবং দুটি শীতল স্রোতের নাম লেখো।

Name two warm and two cold currents of Indian ocean.

*অথবা,*

*Or,*

গ্রাবরেখা কাকে বলে? এর শ্রেণিবিভাগ করো।

What is moraines? Classify them.

4.2 ভারতের তিনটি কার্পাস উৎপাদক রাজ্যের নাম লেখো।

Name three cotton-growing State of India.

*অথবা,*

*Or,*

ভারতের ভূমিক্ষয় রোধে গৃহীত পদক্ষেপগুলি কী কী?

What are the steps taken to conserve soil in India?

4.3 বক্সাইট কী কী কাজে ব্যবহার হয়?

What are the uses of bauxite?

*অথবা,*

*Or,*

ভারতে কৃষিকার্যের বৈশিষ্ট্যগুলি কী কী?

What are the characteristics of Indian agriculture?

4.4 পশ্চিমবঙ্গের শীত ঋতুর বৈশিষ্ট্যগুলি কী কী?

What are the characteristics of winter season in West Bengal?

*অথবা,*

*Or,*

ভারতে কোন কোন পদ্ধতিতে জলসেচ করা হয়?

What are the methods of irrigation practiced in India?

## বিভাগ-‘ঙ’

## Group-E

[দৃষ্টিহীন পরীক্ষার্থীদের ক্ষেত্রে চিত্রাঙ্কন আবশ্যিক নয়]

**5.1** *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

Answer *any two* questions from the following: 5×2=10

5.1.1 বায়ুর ক্ষয়কার্যের ফলে সৃষ্ট তিনটি প্রধান ভূমিরূপ চিত্রসহ বর্ণনা করো।

Describe with sketches three major landforms developed by erosional work of wind.

5.1.2 কলকাতা (88°30′ পূর্ব) যখন স্থানীয় সময় 2021 সালের 1 এপ্রিল সকাল 12:50, তখন অপর একটি স্থানের স্থানীয় সময় 2021 সালের 2 এপ্রিল রাত্রি 11টা। ওই স্থানটির দ্রাঘিমা কত?

When it is 12:50 am (local time) at Kolkata (88°30′E) on 1st April, 2021, it is 11:00 pm, 2nd April, 2021 at other place. What will be longitude of the other place?

5.1.3 পৃথিবীর আবর্তন গতির ফলাফলগুলি সংক্ষেপে ব্যাখ্যা করো।

Describe, in brief, the effects of the rotation of the Earth.

5.1.4 উদাহরণসহ বায়ুপ্রবাহের শ্রেণিবিভাগ করো।

Classify winds with examples.

**5.2.** *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

Answer *any two* questions from the following: 5×2=10

5.2.1 ভারতের পূর্ব উপকূল ও পশ্চিম উপকূলের মধ্যে পার্থক্য করো।

Distinguish between the eastern coast and western coast of India.

5.2.2 পশ্চিমবঙ্গের উত্তরের পার্বত্য অঞ্চলের ভূ-প্রকৃতির সংক্ষিপ্ত বিবরণ দাও।

Describe the physiography of northern mountain region of West Bengal in brief.

5.2.3 ধান চাষের উপযোগী জলবায়ু, ভূ-প্রকৃতি ও মৃত্তিকা সম্বন্ধে আলোচনা করো।

Discuss the climatic conditions, physiography and soil favourable for cultivation of rice.

5.2.4 এশিয়া মহাদেশকে বিভিন্ন ভূ-প্রাকৃতিক বিভাগে বিভক্ত করে যে কোনো একটি বিভাগের ভূ-প্রকৃতির বিবরণ দাও।

Divide Asia into different physiographic regions and give an account of any one of them.

## বিভাগ-‘চ’

## Group-F

**6.** প্রশ্নপত্রের সঙ্গে প্রদত্ত ভারতের রেখা-মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাওঃ

Locate the following with appropriate symbols and names on the given outline map of India. Attach the map with your answer paper. 1×10=10

6.1 পূর্বঘাট পর্বতমালা

Eastern ghatrange

6.2 নর্মদা নদী

Narmada river

6.3 থর মরুভূমি

Thar desert

6.4 চিল্কা উপহ্রদ

Chilka lake

6.5 একটি ম্যানগ্রোভ অরণ্য অঞ্চল

One mangrove forest region

6.6 ভারতের একটি ল্যাটেরাইট মৃত্তিকা অঞ্চল

A laterite soil region of India

6.7 ভারতের প্রধান চা উৎপাদক অঞ্চল

The main tea growing region of India

6.8 পূর্ব ভারতের একটি কয়লা উৎপাদক অঞ্চল

One coal producing region of Eastern India

6.9 পূর্ব উপকূলের একটি স্বাভাবিক বন্দর

Normal port of Eastern coast of India

6.10 কলকাতা

Kolkata

*অথবা,*

*Or,*

[শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য]

**6.** *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাওঃ

Answer *any ten* of the following questions: 1×10=10

6.1 ভারতের একটি কৃষ্ণমৃত্তিকা সমৃদ্ধ রাজ্যের নাম লেখো।

Name one State of India rich in black soil.

6.2 ভারতের উচ্চতম পর্বতবেষ্টিত মালভূমি কোনটি?

What is the highest intermontane plateau of India?

6.3 $K_2$ পর্বতশৃঙ্গটি ভারতের কোন রাজ্যে অবস্থিত?

In which state the peak $K_2$ is situated?

6.4 পশ্চিমবঙ্গের একটি বিখ্যাত নদী-বন্দরের নাম লেখো।

Write a famous river-port of West Bengal.

6.5 সিন্ধুনদের একটি উপনদীর নাম লেখো।

Name one tributary of river Indus.

6.6 দক্ষিণ ভারতের সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?

Name the highest peak of South India.

6.7 ভারতের একটি স্তূপ পর্বতের নাম লেখো।

Name one block mountain of India.

6.8 একটি রবি শস্যের উদাহরণ দাও।

Give an example of Rabi crop.

6.9 এশিয়ার একটি অন্তর্বাহিনী নদীর নাম উল্লেখ করো।

Mention the name of one inland river of Asia.

6.10 পূর্ব-ভারতের একটি ভারী ইঞ্জিনিয়ারিং শিল্পকেন্দ্রের নাম লেখো।

Name one Heavy Engineering Industrial Centre of Eastern India.

6.11 ভারতের একটি হিমবাহসৃষ্ট হ্রদের নাম লেখো।

Name one glacial lake of India.

6.12 দক্ষিণ ভারতের একটি লৌহ-ইস্পাত শিল্পকেন্দ্রের নাম লেখো।

Name one Iron-Steel Industrial Centre of South India.

6.13 ‘তরাই’ অঞ্চলে কোন ধরনের স্বাভাবিক উদ্ভিদ দেখা যায়?

Which type of natural vegetation is found in ‘Tarai region’?

6.14 মরুমৃত্তিকা দেখা যায় এমন একটি রাজ্যের নাম লেখো।

Name one State having desert soil.

———————